



জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

www.nsc.gov.bd, email- info@nsc.gov.bd.

নং-৩৪.০৩.০০০০.০০৩.০৮.০৬৩.১২

তারিখঃ ১২.০৩.২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় ক্রীড়া পরিষদের নিম্নোক্ত রাজস্ব খাতভুক্ত স্থায়ী শূন্য পদে জনবল নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃনং	পদের নাম	গ্রেড	জাতীয় বেতন স্কেল- ২০১৫	শূন্য পদের সংখ্যা	বয়স সীমা অনূর্ধ্ব	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রোডাকশন ম্যানেজার	৮ম	২৩০০০-৫৫৪৭০/-	১(এক)	৩০ বছর	২ বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রি
২.	সেক্রেটারী/প্রশাসনিক কর্মকর্তা(ফেডারেশন)	৯ম	২২০০০-৫৩০৬০/-	২(দুই)	৩০ বছর	ক্রীড়াক্ষেত্রে অভিজ্ঞতাসহ ২য় শ্রেণিতে স্নাতক ডিগ্রি
৩.	প্রশিক্ষক গ্রেড-৩ ফুটবল- ২টি, বাস্কেটবল-১টি, সীতার- ২টি,ক্রিকেট-১টি,অ্যাথলেটিক্স-২টি, হকি-১টি ও আরচারি-১টি	১০ম	১৬০০০-৩৮৬৪০/-	১০(দশ)	৩০ বছর	খেলাখুলার প্রশিক্ষণে ডিপ্লোমা
৪.	আলোকচিত্র শিল্পী	১০ম	১৬০০০-৩৮৬৪০/-	১(এক)	৩০ বছর	আলোকচিত্রে ৪(চার) বছরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট
৫.	সহকারী নিরীক্ষা অফিসার	১০ম	১৬০০০-৩৮৬৪০/-	১(এক)	৩০ বছর	বাণিজ্যে স্নাতক ডিগ্রি
৬.	উপ-সহকারী প্রকৌশলী	১০ম	১৬০০০-৩৮৬৪০/-	১(এক)	৩০ বছর	সিভিল/বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা
৭.	উপ-সহকারী সম্পাদক	১১তম	১২৫০০-৩০২৩০/-	১(এক)	৩০ বছর	স্নাতক ডিগ্রি। সাংবাদিকতায় অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার
৮.	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	১৩তম	১১০০০-২৬৫৯০/-	১(এক)	৩০ বছর	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ বাংলা ও ইংরেজি মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ এবং সাঁটলিপিতে ৫০ ও ৮০ শব্দ।
৯.	স্টোর কিপার	১৪তম	১০২০০-২৪৬৮০/-	১(এক)	৩০ বছর	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট
১০.	পুফ রিডার	১৬তম	৯৩০০-২২৪৯০/-	১(এক)	৩০ বছর	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট
১১.	কার্যসহকারী	১৬তম	৯৩০০-২২৪৯০/-	১(এক)	৩০ বছর	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট
১২.	ইমাম	১৬তম	৯৩০০-২২৪৯০/-	১(এক)	৩০ বছর	জামাতে উলা কোরআনে হাফেজদের অগ্রাধিকার
১৩.	সহকারী মাঠ তত্ত্বাবধায়ক	১৬তম	৯৩০০-২২৪৯০/-	১(এক)	৩০ বছর	খেলার মাঠ প্রস্তুতির দক্ষতাসহ ৮ম শ্রেণি
১৪.	বিদ্যুৎ সহকারী	২০তম	৮২৫০-২০০১০/-	১(এক)	৩০ বছর	২ বছরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণি
১৫.	ওয়েল্ডার সহকারী	২০তম	৮২৫০-২০০১০/-	১(এক)	৩০ বছর	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণি
১৬.	মালী	২০তম	৮২৫০-২০০১০/-	১(এক)	৩০ বছর	ফুলের বাগান সম্বন্ধে অভিজ্ঞতা থাকতে হবে।



জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০


www.nsc.gov.bd, email- info@nsc.gov.bd.

-২-

ক্রঃনং	পদের নাম	শ্রেণি	জাতীয় বেতন স্কেল- ২০১৫	পদের সংখ্যা	বয়স সীমা অনুর্ধ্ব	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১৭.	নিরাপত্তা প্রহরী	২০তম	৮২৫০-২০০১০/-	১৬(ষোল)	৩০ বছর	সুস্বাস্থ্যসহ ৮ম শ্রেণি
১৮.	সুইপার	২০তম	৮২৫০-২০০১০/-	৭(সাত)	৩০ বছর	পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা

আবেদনের শর্তাবলিঃ

- (১) আবেদনকারীকে জাতীয় ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে (www.nsc.gov.bd) প্রকাশিত “চাকরির আবেদন ফরম” হবহ অনুসরণ করে সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ ঠিকানায়ুক্ত খামে (খামে পদের নাম ও জেলা উল্লেখসহ) – ৩১.০৩.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।
- (২) নিয়োগ সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য, ফলাফল, পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- (৩) ক্রীড়া পরিষদের স্মারক নং ৩৪.০৩.০০০০.০০৩.০৮.০৬৩.১২-২১২০; তারিখঃ ৩১.০৮.২০১৫ খ্রিঃ মোতাবেক যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- (৪) উপর্যুক্ত প্রত্যেক পদে আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ যে কোন তফসিল ব্যাংক হতে ইস্যুকৃত ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জাতীয় ক্রীড়া পরিষদ- এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৫) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ৩ কপি (৫x৫ সেঃমি) সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- (৬) আবেদনপত্রের সাথে কোন সনদ/সনদের ছায়াকপি সংযুক্ত করার প্রয়োজন নেই (মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে)।
- (৭) নিয়োগের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রচলিত সকল পদ্ধতি অনুসরণ করা হবে।
- (৮) সরকারি ও আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ৩১.০৩.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।
- (৯) ৩১.০৩.২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা (মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান) ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (১০) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। জাতীয় ক্রীড়া পরিষদ এ নিয়োগ বিজ্ঞপ্তি কিংবা নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


২২.৩.২০২০

(মোঃ মাসুদ করিম)

(অতিরিক্ত সচিব)

সচিব

জাতীয় ক্রীড়া পরিষদ।